



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, কদমতলি, দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নংঃ সিশিবো/পনি/সনদ/ ২০১৭/২১৫


তারিখ : ০৬/০৯/২০১৭

বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের (অধ্যক্ষ) অবগতির জন্য জানানো যাচ্ছে যে, তাঁর কেন্দ্রের ২০১৭ সালের এইচ এস সি পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট আগামী ১১/০৯/২০১৭ তারিখ সোমবার শিক্ষা বোর্ডের পরীক্ষা শাখা (৪র্থ তলা) থেকে বিতরণ করা হবে। উক্ত একাডেমিক ট্রান্সক্রিপ্ট সমূহ নির্ধারিত তারিখে গ্রহণের লক্ষ্যে অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক প্রাধিকার প্রাপ্ত শিক্ষককে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণের সময় গণনা করে বুঝে নেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা গেল। পরবর্তীতে এ বিষয়ে কম-বেশি হলে বোর্ড কর্তৃপক্ষ দায়ভার মুক্ত থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।